

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
মুদ্রণ ও প্রকাশনা শাখা।

বিজ্ঞপ্তি

তারিখ : ০৬ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/২০ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৩ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৪ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/১৮ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং-০৩, ২০১৮

Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation, 1958 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation, 1958 (Regulation No. I of 1958) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন :—

( ২৬৩০৩ )

মূল্য : টাকা ৪.০০

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Chittagong Hill Tracts (Land Acquisition) (Amendment) Ordinance, 2018 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। Regulation No. I of 1958 এর section 4 এর সংশোধন।—Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation, 1958 (Regulation No. I of 1958) এর section 4 এর sub-section (2) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (2) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(2) In addition to the market value of the land, as provided above, the Deputy Commissioner shall, in every case, award a sum of 200 (two hundred) per centum for public purpose and 300 (three hundred) per centum for private purpose on such market value, in consideration of the compulsory nature of the acquisition.”।

তারিখ : ০৪ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ  
১৮ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

মোঃ আবদুল হামিদ  
রাষ্ট্রপতি  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

মোহাম্মদ শহিদুল হক  
সিনিয়র সচিব।